

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

সংক্ষিপ্ত সংবাদ

ঘূর্ণিঝড় উপদ্রুত এলাকায় শিক্ষামন্ত্রী

খ্রেস বিজ্ঞপ্তি : শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক গত শনিবার কিশোরগঞ্জ জেলার ঘূর্ণিঝড় উপদ্রুত বিভিন্ন এলাকা পরিদর্শন করে জেলা সদর, কটিয়াদী ও করিমগঞ্জসহ ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত এলাকায় জনসাধারণের পোজ-খবর নেন। তিনি স্থানীয় প্রশাসনকে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের জরুরী ভিত্তিতে সাহায্য-সহযোগিতা প্রদানের নির্দেশ দেন। গত শুক্রবার রাতে ঘূর্ণিঝড়ে চারজন নিহত এবং শতাধিক আহতসহ, জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

রংপুরে শিক্ষা প্রতিমন্ত্রী বললেন.....

রংপুর জেলা সংবাদদাতা : শিক্ষিত এ আদর্শ জাতি পঠনে শিক্ষকদের যেমন ভূমিকা রয়েছে, সত্বাস দমনেও তাদের ভূমিকা অপরিসীম। শিক্ষকদের সং মনোভাব নিয়ে পেশাগত দায়িত্ব পালন করতে হবে এবং নকল প্রতিরোধে শিক্ষকগণ আন্তরিক না হলে কোনভাবেই নকল রোধ করা সম্ভব নয়। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন গত বৃহস্পতিবার রংপুর পুলিশ হলে 'নকলমুক্ত পরীক্ষা ও শিক্ষার মান উন্নয়ন' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।